# Times Today BD

জিএম সিরাজ | ক্যাম্পাস | 18 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহ সভাপতি তাওহীদুল ইসলাম দুর্জয়কে (২৮) গ্রেফতার করেছে পুলিশ।বৃহস্পতিবার (১৭এপ্রিল) রাতে কুড়িগ্রাম সদর উপজেলার কালির আগলা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।তিনি ওই এলাকার আব্দুল মোতালেবের ছেলে।

পুলিশ জানায়, পতিত ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের সময়ে ছাত্র জনতার ওপর হামলা এবং বিভিন্ন সময়ে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করে আসছিলেন নিষিদ্ধ সংগঠন রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সভাপতি দুর্জয়।আওয়ামী সরকারের পতনের পর দুর্জয় বিভিন্ন জায়গায় আত্মগোপনে ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বুধবার রাতে কালির আলগা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

কুড়িগ্রাম জেলা পুলিশের মিডিয়া কর্মকর্তা ও ডিবির ওসি বজলার রহমান বিষয়টি নিশ্চিত করে বলেন, তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ পুলিশ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:23

URL: https://www.timestodaybd.com/campus/991775807